

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৮

তারিখ: ২৯.১১.২০২৩ খ্রি.

বিষয়: **IM-4** সংশ্লিষ্ট আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা
<https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে কর্মকর্তা
মনোনয়ন।


সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯, তারিখ: ১৫.১০.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুক্রায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত ও জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের প্রচেষ্টা সহজেই চিহ্নিত করার লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নির্দেশনা জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রদান করা হয়। IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে <https://bdcams.bdcustoms.gov.bd> নামক ওয়েবসাইটটি ডেভেলপ করা হয়েছে। এর মাধ্যমে খুব সহজেই একজন আমদানিকারক তার আমদানিতব্য পণ্যের সিএন্ডএফ এজেন্ট নির্ধারণের লক্ষ্যে অনলাইনের মাধ্যমেই আবেদন করতে পারবেন। উক্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টমস অফিসসমূহ হতে যাচাই বাছাই সাপেক্ষে দ্রুততম সময়ে অনলাইনের মাধ্যমেই সম্পাদন করা সম্ভব হবে। এছাড়া, এজেন্ট সংযুক্তকরণের সর্বশেষ অবস্থা ওয়েবসাইট হতেই জানা যাবে।

০২। উক্ত ওয়েবসাইটের মাধ্যমে গৃহীত আবেদনসমূহ সম্পাদনের লক্ষ্যে আপনার দপ্তরের লাইসেন্স শাখার দায়িত্বরত কর্মকর্তা (ন্যূনতম অ্যাসিস্ট্যান্ট কমিশনার)- কে Approver এর দায়িত্ব পালন করতে হবে; দপ্তরের আইটি কর্মকর্তাগণ আবেদন প্রক্রিয়া যাচাই বাছাই সাপেক্ষে সিস্টেমে আবেদনসমূহ এন্ট্রি প্রদান করবেন। এই লক্ষ্যে ০১ (এক) জন Approver এবং ০১ (এক) জন আইটি Admin এর মনোনয়ন প্রদানের জন্য নিম্নবর্ণিত ছক অনুযায়ী তথ্য প্রয়োজন।

ক্রম	Role	নাম ও পদবী	কর্মভুল	মোবাইল নং	ই-মেইল
১.	Approver				
২.	IT Admin				

০৩। এমতাবস্থায়, <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটটির কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে উক্ত ০২ (দুই) জন কর্মকর্তার মনোনয়ন আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৭/১১/২০২৬

[মোঃ আবদুল কাইয়ুম]

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

ই-মেইল-ss.asycuda@gmail.com

ফোন: ০২২২২২২১৭৭০০-০৯/এক্স-০৭৪০

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;

০৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম।

অনুলিপি:

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);

২। জনাব মোঃ জাহিদুর রহমান, সিস্টেম অ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড;

৩। দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড;

৪। পিএ টু সদস্য (গ্রোড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।